"বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন
(পেট্রোবাংলা)
আইটি ডিপার্টমেন্ট

...

| | |
|---|---|
| সভাপতি | প্রকৌ. বিশ্বজিৎ সাহা<br>মহাব্যবস্থাপক |
| সভার তারিখ | ২৪-০৮-২০২০ |
| সভার সময় | বেলা ০২ঃ৩০ |
| স্থান | অনলাইন |
| উপস্থিতি | রেকর্ডেড |

পেট্রোবাংলার ইনোভেশন অফিসার পরিচালক (পরিকল্পনা) মহোদয়ের দাপ্তরিক ব্যস্ততার কারণে তাঁর সম্মতিক্রমে মহাব্যবস্থাপক ও পেট্রোবাংলার ইনোভেশন টিমের সদস্য অনলাইন সভায় যোগদানকৃত ইনোভেশন টিমের সদস্যবৃন্দ'কে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে বর্তমান কোভিড-১৯ প্রতিরোধ মোকাবেলায় সকলকে সচেতনতা বৃদ্ধি এবং করোনা ভাইরাস পরিস্থিতি বিবেচনা করে দাপ্তরিক কাজে উদ্ভাবন ও সেবা সহজিকরণের বিষয়ে আলোকপাত করা হয়।

সভায় পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহের ২০১৯-২০২০ অর্থবছরের জন্য চিহ্নিত কার্যক্রমের বর্তমান বাস্তবায়ন অগ্রগতি এবং ২০২০-২০২১ অর্থবছরের জন্য প্রণীত কর্মপরিকল্পনা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। একইসাথে ২০২০-২০২১ অর্থবছরের জন্য উদ্ভাবনী প্রস্তাব/আইডিয়া সম্পর্কে সভায় আলোচনা করা হয়।

বিস্তারিত আলোচনা ও পর্যালোচনাপূর্বক বর্ণিত সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | কার্যব্যবস্থায় |
|---|---|---|---|---|
| ০১। | ২০২০-২১ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী ইনোভেটিভ প্রস্তাব/ আইডিয়া প্রেরণ। | নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণ এবং দাপ্তরিক কাজে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণার্থে সহজে বাস্তবায়নযোগ্য এবং TCV নিশ্চিত করা যাবে এরূপ উদ্ভাবন কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। কোভিড-১৯ এবং সমসাময়িক পরিস্থিতি বিবেচনা করে উদ্ভাবনী প্রস্তাব/আইডিয়া প্রদান করার জন্য সভায় আলোচনা করা হয়। | পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহ সহজে বাস্তবায়নযোগ্য এবং TCV নিশ্চিত করা যাবে এরূপ কার্যক্রম উদ্ভাবনী প্রস্তাব/আইডিয়া আগামী ৩১-০৮-২০২০ তারিখের মধ্যে ওয়ার্ড ফরম্যাটে পেট্রোবাংলার আইটি ডিপার্টমেন্টের ইমেইল (it@petrobangla.org.bd)-এ প্রেরণ করবে। | ইনোভেশন অফিসার, সংশ্লিষ্ট কোম্পানি |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২। | কর্মশালা/ সেমিনার ও প্রশিক্ষণ আয়োজন। | ২০২০-২১ অর্থবছরের জন্য প্রণীত ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী সেবা সহজিকরণ ও সক্ষমতা বৃদ্ধি বিষয়ক কর্মশালা/সেমিনার ও প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। সভায় অনলাইন-এ কর্মশালা/সেমিনার ও প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। তবে অনলাইনে কর্মশালা/সেমিনার ও প্রশিক্ষণ কতটা ফলপ্রসু হচ্ছে এ বিষয়টি বিবেচনা করে বিকল্প কোন ধারণা অথবা পরিকল্পনা নিয়ে সভায় আলোচনা করা হয়। | • বর্তমান করোনা ভাইরাস পরিস্থিতি বিবেচনা করে কোম্পানিসমূহ স্ব স্ব কর্মপরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে অনলাইন অথবা সুবিধাজনক পদ্ধতিতে কর্মশালা/সেমিনার ও প্রশিক্ষণ আয়োজন সম্পন্ন করবে।<br>• অনলাইনে কর্মশালা/সেমিনার ও প্রশিক্ষণ কতটা ফলপ্রসু হচ্ছে এ বিষয়টি বিবেচনা করে বিকল্প কোন ধারণা অথবা পরিকল্পনা যদি থাকে, সেটি পেট্রোবাংলার ইনোভেশন অফিসারকে অবহিত করবে। | ইনোভেশন অফিসার, সংশ্লিষ্ট কোম্পানি |
| ০৩। | ইনোভেশন রিসোর্স পার্সন/ প্রশিক্ষক। | পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহে কর্মরত কর্মকর্তাদের মধ্য হতে ইনোভেশন বিষয়ে রিসোর্স পার্সন/প্রশিক্ষক তৈরি করার জন্য সভায় বিষয়টি উত্থাপন করা হয়। সভায় সকলে রিসোর্স পার্সন/প্রশিক্ষক তৈরির লক্ষ্যে একমত পোষণ করে এবং পেট্রোবাংলা ও কোম্পানিসমূহ হতে সার্বিক সহযোগিতা প্রদান করার জন্য সভায় আলোচনা হয়। | ইনোভেশন কার্যক্রম বিষয়ে পেট্রোবাংলা ও এর আওতাধীন কোম্পানিসমূহে কর্মরত কর্মকর্তাদের মধ্য হতে ইনোভেশন বিষয়ে রিসোর্স পার্সন/প্রশিক্ষক তৈরি করতে হবে। | ইনোভেশন অফিসার, পেট্রোবাংলা |
| ০৪। | ২০১৯-২০২০ অর্থবছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী চিহ্নিতব্য বিষয়ের বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন। | ক) টিজিটিডিসিএল-এর **বায়োমেট্রিক পদ্ধতিতে পেনশন উত্তোলনঃ** সফটওয়্যার/এ্যাপস ডেভেলপমেন্টের জন্য দরপত্র আহবান করার জন্য প্রক্রিয়াধীন রয়েছে। করোনা ভাইরাস পরিস্থিতির কারণে সম্পূর্ণ প্রক্রিয়া সম্পন্ন করতে কিছুটা বিলম্ব হয়েছে। | দ্রুততম সময়ের মধ্যে সফটওয়্যার/এ্যাপস ডেভেলপমেন্ট কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ইনোভেশন অফিসার, টিজিটিডিসিএল |
| | | খ) বিজিডিসিএল-এর **ঠিকাদার ব্যবস্থাপনা সিস্টেম চালুকরণঃ** ঠিকাদার ব্যবস্থাপনা সিস্টেম চালু আছে। | পেট্রোবাংলার আওতাধীন বিপণন কোম্পানিসমূহ স্ব স্ব নীতিমালার আঙ্গিকে ঠিকাদার ব্যবস্থাপনা সিস্টেমটি রেপ্লিকেশন করতে পারে। | ইনোভেশন অফিসার, সংশ্লিষ্ট বিপণন কোম্পানি |
| | | গ) আরপিজিসিএল-এর সিএনজি স্টেশনে **যানবহন সনাক্তকরণ ও স্টিকার সিস্টেম প্রবর্তনঃ** সফটওয়্যার ডেভেলপমেন্ট ও হার্ডওয়্যার স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে। কোভিড-১৯ এর দরুণ হার্ডওয়্যার স্থাপন সম্ভব হয়নি। | আরপিজিসিএল-এর সিএনজি স্টেশনে সফটওয়্যার ডেভেলপমেন্ট ও হার্ডওয়্যার স্থাপনের কার্যক্রম দ্রুত বাস্তবায়ন করতে হবে। | ইনোভেশন অফিসার, আরপিজিসিএল |

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

প্রকৌ. বিশ্বজিৎ সাহা
মহাব্যবস্থাপক

স্মারক নম্বর: ২৮.০২.০০০০.০৬৬.০৩.০০২.২০.১০৯

তারিখ: ১২ ভাদ্র ১৪২৭

২৭ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :


১) পেট্রোবাংলার আওতাধীন কোম্পানিসমূহের ব্যবস্থাপনা পরিচালকমন্ডলী।

২) মহাব্যবস্থাপক (উৎপাদন ও বিপণন), পেট্রোবাংলা।

৩) মহাব্যবস্থাপক (সেবা), পেট্রোবাংলা।

৪) উপ-মহাব্যবস্থাপক (নিরীক্ষা), পেট্রোবাংলা।

৫) একান্ত সচিব, পরিচালক (পরিকল্পনা), পেট্রোবাংলা।



প্রকৌ. বিশ্বজিৎ সাহা
মহাব্যবস্থাপক